দামুড়হুদায় কমিউনিটি পুলিশিং ডে পালিত

দামুড়হুদায় কমিউনিটি পুলিশং ডে উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টার দিকে দিবসটি উদযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা শহরে একটি বর্ণাঢ্য র্যালি শেষে থানা চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানা ও কমিউনিটি পুলিশিং কমিটির আয়োজনে র্যালি ও আলোচনা সভায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আজিজুল হক,
হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (তদন্ত) শেখ মাহাবুবুর রহমান, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউপি সদস্য লিয়াকত আলী জোয়ার্দার, আব্দুল আলিম, কামরুল হাসান, হাউলী ইউপি সদস্য সহিদুল ইসলাম, আওয়ামীলীগের নেতা মোজাফফর হোসেন, সুবহান মন্ডল, সুলতান আহমেদ, সাইদুর রহমান টোকন প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা মডেল থানার উপপরিদর্শক (এসআই) শেখ তৌহিদুর রহমান।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন

দামুড়হুদায় ৫২তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়েছে। “সমবায় গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ

শনিবার সকাল ১১ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে পরিষদ চত্বরে দিবস টি অনুষ্ঠিত হয়। দিবস টি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার সমবায় সমিতির বিভিন্ন ইউনিটির সভাপতি ও সাধারণ সম্পাদক ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ, সুধী সমাজের বিভিন্ন ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন সমবায় কর্মকর্তা হারুন আর রশিদ।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে জেল হত্যা দিবস পালিত

যথাযথ মর্যাদায় নানা কর্মসূচির মধ্য দিয়ে গতকাল ৩রা নভেম্বর জেল হত্যা দিবস পালন করেছে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগ।জেলা আওয়ামী যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দারের নেতৃত্বে সকালে নানা কর্মসূচি পালিত হয়।

প্রথমে গতকাল শুক্রবার সকালে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশ্বস্ত সহচর, কারা অভ্যন্তরে ঘাতকের নির্মম বুলেটে শহীদ জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধা নিবেদনে চুয়াডাঙ্গা শহরের একাডেমি মোড় সংলগ্ন মোহাম্মদী শপিং কমপ্লেক্সে জেলা যুবলীগের কার্যালয়ে শোক-কালো পতাকা উত্তোলন, জাতীয় ও দলীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এরপর নঈম

হাসান জোয়ার্দ্দার, সামসুদ্দোহা মল্লিক হাসু ও জেলা যুবলীগের নেতৃবৃন্দ জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তোলন করেন। এরপর শহীদ জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধায় পুষ্পমাল্য অর্পণ করা হয়। এরপর শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর বিকেলে জেলহত্যা দিবস উপলক্ষে জেলা যুবলীগ কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা আওয়ামী যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার। জেলা যুবলীগের যুগ্ন-আহবায় সামসুদ্দোহা মল্লিক হাসুর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য সাজেদুল ইসলাম লাভলু, আজাদ আলী, হাফিজুর রহমান হাপু, আবুবক্কর সিদ্দিক আরিফ, আলমগীর আজম খোকা ও আলমডাঙ্গা উপজেলা যুবলীগের যুগ্ন-আহ্বায়ক, খাসকররা ইউনিয়ন চেয়ারম্যান তাছফির আহমেদ মল্লিক লাল।

এ সময় উপস্থিত ছিলেন যুবলীগ নেতা পীরু মিয়া, শেখ শাহী, বিপুল জোয়ার্দ্দার, টিটু, জুয়েল জোয়ার্দ্দার, ছাত্রলীগের সাবেক নেতা রামীম হোসেন সৈকত, দিপু বিশ্বাস, তানভীর রেজা টুটুল,পৌর ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সানিউল শেখ সুইট, জেলা ক্রীড়া সংস্থার সদস্য শেখ রাসেল, জেলা ছাত্রলীগের সার্বিক সদস্য খালিদ মন্ডল, চুয়াডাঙ্গা পৌর ৩ নং ওয়ার্ড যুবলীগের সভাপতি রানা, সাধারণ সম্পাদক খানজাহান আলী, ৫ নং ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলিম, সহ-সভাপতি জুয়েল, ৭ নং যুবলীগের সভাপতি আসাদুর রহমান আসাদ, সাধারণ সম্পাদক আব্দুল হামিদ বিপ্লব, সাংগঠনিক সম্পাদক আলতাব, যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম, মোমিনপুর ইউনিয়ন যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি মোমিন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ছোট, বঙ্গ, শিমুল, মুনাজাতে, মিন্টু, মোমিন, বাবু, লিপ্টন, রাজন, মাফুজ, পারভেজ, সেফাত, হাসিব, আবির, তন্ময়, জনি, সিকদার, সাব্বির, জিতু, জিনারুল, বিপ্লব, শাহিন, লাল্টু, নাইম, জাহাঙ্গীর, রুবেল, তানজিল, সঞ্জু, বাচ্চু, জাহিদ, সাকের, আরাফাত, রসূল, রতন, রজত, রনি, ইমরান, সোহেল, তুষার, সোহান, আলামিন, ইয়াসিন, রবিন, নয়ন, নাজমুল, ছাত্রলীগ নেতা ইমরান ফেরদৌস, নোমান, সাহেদ, সাকিব, বিপুল, আলী, তানজির, মিশা, কাফি, ছাত্রলীগ নেতা ইমাদ ওয়াসিম, শাকিল, সাব্বির, জিম, আরিন, জুয়েল, সবুজ, কবির, শরিফুল, হৃদয়, শরিফ, রুবেল, শাকিল সহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।দোয়া মাহফিল পরিচালনা করেন নতুন এস্টেডিয়াম জামে

মসজিদের পেশ ইমাম হাফেজ মোঃ ওমর ফারুক।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাহিত্য আসর অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি -১৫১১ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয় । ১৫১১ তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল।

স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, এম এ মামুন, নটরাজ হারুন অর রশিদ, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, বনলতা,শহিদুল ইসলাম,জি এম জোয়ার্দ্দার, ডা.তোফাজ্জল হোসেন,রোকসানা জেবা,হোসেন মোহাম্মদ ফারুক, গুরু কাজল,আনছার আলী, সুমন ইকবাল, কবি নজমুল হেলাল প্রমুখ।স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল এবং হুমায়ূন কবীর। চিরায়ত সাহিত্য থেকে আলোচনা করেন আর্টিষ্ট জি এম জোয়ার্দ্দার । অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল।

দর্শনায় থানা বিএনপির সভাপতি

হাসনাতসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গার দর্শনায় থানা বিএনপির সভাপতিসহ ৪ নেতা কর্মীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।জানাগেছে গতকাল বৃহস্পতিবার ২ নভেম্বর রাত থেকে আজ শুক্রবার ভোর পর্যন্ত বিভিন্ন স্থান থেকে অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমারসাহা বিষয়টি নিশ্চিত করেছেন। পুলিশ জানায় তাদের ৪ জনকে নাশকতা পরিকল্পনাকারী ও নাশকতা মামলায় গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতহলো হলেন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের মদনা গ্রামের মৃত ইছাহাক আলী মন্ডলের ছেলে দর্শনা থানা বিএনপির সভাপতি মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত (৭১)দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর মৃত শাহাদৎ মন্ডলের ছেলে চুয়াডাঙ্গা জেলা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য ও সাবেক দর্শনা পৌর বিএনপির সাধারন সম্পাদক মহিদুল ইসলাম (৬১)দর্শনা কলেজ পাড়ার মৃত নুর আলী তরফদারের ছেলে চুয়াডাঙ্গা জেলা যুবদলের সদস্য ও দর্শনা থানা যুবদলের সদস্য কামরুল হুদা ওরফে সোহেল (৪৫),ও দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সুলতানপুর গ্রামের জামাতের রোকন মিরাজ উদ্দীনের ছেলে নাহিদ আলীকে (৪২)গ্রেফতার করেছে। তাদের বিরুদ্ধে নাশকতা মামলায় গ্রেফতার করেছে।

আজ তাদেরকে নাশকতা মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় জামায়াত-বিএনপির ১০ নেতাকর্মী গ্রেপ্তার

ককটেল বোমা ফাটিয়ে পালানো সময় জামায়াত-বিএনপির দশ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ । গতকাল বুধবার রাত ৮ টার দিকে আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর-গোপীবল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- চুয়াডাঙ্গা জেলা জামায়াতের রোকন মোঃ শাহজান আলী (৪৩), জেলা যুবদলের সহ-সভাপতি মোঃ মাগরিবুর রহমান (৪৮), আলমডাঙ্গা উপজেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক মোঃ মিনারুল ইসলাম (৪২), হারদি ইউনিয়ন জামায়াতের রোকন মোঃ জুবায়ের (৫৮),কুমারি ইউনিয়ন জামায়াতের সদস্য মোঃ নুর ইসলাম (৫৮), কালিদাসপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মোঃ জামির আলী (৫৫), ওয়ার্ড বিএনপির সভাপতি মোঃ মেহেদী হাসান (৪৮), মোঃ হাবিবুর রহমান (৬৫), মোঃ আনারুল ইসলাম (৩৭), মোঃ মুরাদ আলী (৩৬)।

গ্রেপ্তারকৃত সকল আসামীরা জামায়াত-বিএনপির সক্রিয় সদস্য। এছাড়া তাদের বিরুদ্ধে ইতিপূর্বে নাশকতা পরিকল্পনার মামলাও রয়েছে।

পুলিশ জানায়, গতকাল বুধবার রাতে উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর-গোপীবল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে সমবেত হন বিএনপি ও জামায়াত নেতাকর্মীরা। যানবাহন ভাঙচুর, বিদ্যুৎ অফিস ও খাদ্যগুদামে অগ্নিসংযোগ করে জনমনে আতঙ্ক ও অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির প্রস্তুতি নেন তারা। খবর পেয়ে অভিযান চালায় পুলিশ। তবে পুলিশের উপস্থিতি টের পেয়ে ককটেল বোমা ফাটিয়ে দৌড়ে পালাতে থাকেন নেতাকর্মীরা। এ সময় ঘটনাস্থল থেকে জামায়াত-বিএনপির ১০ জন নেতাকর্মীকে গ্রেপ্তার করে। এছাড়া অনেক নেতাকর্মীরা পালিয়ে যায়।

পরে পুলিশ ঘটনাস্থল থেকে কালো স্কচটেপে মোড়ানো ৯ টি হাত বোমা, বিস্ফোরিত বোমার ৮ টি লোহার জালের কাঠি, দুই টুকরা বিস্ফোরিত বোমার টিনের অংশ, ১৮ টি বাঁশের লাঠি উদ্ধার করেছে পুলিশ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১০ জন জামায়াত-বিএনপির নেতাকর্মীকে গ্রেপ্তার করা হয়েছে।

দর্শনা সীমান্তে ৭ কেজি রুপাসহ ২ চোরাকারবারী আটক

চুয়াডাঙ্গার দর্শনা বাড়াদী সীমান্তে প্রায় ৭ কেজি দানাদার রুপাসহ ২ চোরাচালানীকে আটক করেছে চুয়াডাঙ্গা ৬ বিজিবি।

আজ বুধবার (১লা নভেম্বর) দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের ৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি নেতৃত্বে অভিযান চালায় হৈবৎপুর মাঠে ৬ বিজিবির বারাদী বিওপির টহল কমান্ডার হাবিলদার মনির হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় টহল দল নিয়ে সীমান্তের মেইন পিলার ৮০ হতে আনুমানিক ০১ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে হৈবতপুর মাঠের পাশে অভিযান চালায়।

এ সময় সন্দেহজনক ভাবে তিনজন ব্যক্তিকে সীমান্তের দিক থেকে পায়ে হেটে বাংলাদেশের অভ্যন্তরে হৈবতপুর মাঠের মধ্য দিয়ে যাওয়ার সময় বিজিবি টহল দল তাদেরকে ধাওয়া করে। বিজিবি ধাওয়া করে বিজিবি সশস্ত্র টহল দুই ভাগে বিভক্ত হয়ে তাদেরকে ধাওয়া করে দুইজন ব্যক্তিকে আটক করতে সক্ষম হয়।

আটককৃত চোরাচালানী হৈয়বতপুর গ্রামের আবু ববক্কর (২২), পিতা-আবুল কাশেম, ইমার হামজা (২৩), পিতা- হিসাব আলী।পরে তাদের দেহ তল্লাশী করে ২ জনের কোমরে সাদা কপড়ে পেছানো ৬কেজি ৯শ৯০ গ্রাম দানাদার রুপা উদ্ধার করে। উদ্ধারকৃত দানাদার রৃপার বাজার মৃল্যে ১২ লক্ষ টাকা।এ ঘটনায় বাড়াদী ক্যাম্পের হাবিলদার মনির হোসেন বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছে। এবং আটককৃত রুপাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা পুরাতন বাজারে তরফদার

ক্লিনিকের শুভ উদ্বোধন

দর্শনা পুরাতন বাজার তরফদার মার্কেটে তরফদার ক্লিনিকের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকাল ১১ টার দিকে দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্তর সংলগ্ন তরফদার মার্কেটে তরফদার ক্লিনিকের শুভ উদ্ধোধন করেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

ক্লিনিকের স্বত্বাধিকারী পুরাতন বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক সোহেল তরফদারের সার্বিক ব্যাবস্থাপনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন,দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,সহ সভাপতি শফিকুল আলম, দর্শনা পুরাতন বাজার কমিটির সভাপতি আশরাফুল আলম বাবু, বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক,হাজী আব্দুল মমিন,আবু সুফিয়ান,সিরাজুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল। উদ্ধোধনী শেষে দোয়া অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন হাফেজ মাওলানা রাসেল আহম্মেদ।

আলমডাঙ্গার রাস্তাতে গাইড ওয়াল না থাকায় ভেঙ্গে যাওয়ার আশংকা

আলমডাঙ্গার কালিদাসপুরে রাস্তার পাশে গাইড ওয়াল না থাকায় সদ্য নির্মিত রাস্তা ভেঙে নেমে যাচ্ছে পুকুরে । নির্মিত রাস্তা সংরক্ষণের জন্য গাইড ওয়াল নির্মাণ জরুরী হয়ে পড়েছে। স্থানীয়দের দাবী রাস্তা নির্মাণের আগেই পুকুরের ধারে গাইড ওয়াল নির্মাণ করা হোক।

মাঝে মিশ্র প্রতিক্রীয়া দেখা দিয়েছে। এদিকে আজ বুধবার সদ্য নির্মিত এ রাস্তা পরিদর্শন করেন উপজেলা প্রকৌশলী (এলজিইডির) ভারপ্রাপ্ত কর্মকর্তা তরুণ জোয়ার্দ্দার।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর দক্ষিণপাড়ায় প্রায় ১ কোটি টাকা ব্যায়ে আরডিপি প্রকল্পের মাধ্যমে ১৩’শ মিটার রাস্তার কাজ চলমান। ইতোমধ্যে রাস্তার কাজ প্রায় শেষ পর্যায়ে। কালিদাসপুর ইউনিয়ন শহর কেন্দ্রীক হলেও দীর্ঘদিন ধরে এ রাস্তার উন্নয়নের কাজ হয়নি। সম্প্রতি চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়াদ্দার ছেলুনের ঐকান্তিক প্রচেষ্টায় দীর্ঘদিন পর এই রাস্তাটির নির্মাণ কাজ শুরু হয়েছে। গত ১ মাস পূর্বে মুসল ধারার বৃষ্টিতে সদ্য নির্মিত রাস্তাটি ভেঙে পাশেই অবস্থিত পুকুরে চলে গেছে। এ রুপ ঘটনায় এলাকাবাসী রাস্তাটি দীর্ঘ মেয়াদি টেকসই ভাবে নির্মাণ সহ গাইড ওয়াল নির্মাণের দাবি করেন। এমন ঘটনায় বুধবার সকালে উপজেলা ভারপ্রাপ্ত প্রকৌশলী তরুণ জোয়ার্দ্দার ঘটনাস্থল পরিদর্শন করেন।

এসময় উপস্থিত ছিলেন ঠিকাদারি প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী আহসান উল্লাহ। তিনি জানান, সংসদ সদস্য সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপির প্রচেষ্টায় রাস্তার কাজ হচ্ছে। তবে গাইড ওয়াল বরাদ্দ না থাকায় নির্মাণ করা হয়নি। টেকসই সড়ক নির্মানের জন্য গাইডওয়াল একান্ত প্রয়োজন, এজন্য উপজেলা প্রকৌশলী ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

জীবননগরে জাতীয় যুব দিবস পালিত

জীবননগরে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বর থেকে র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস-চেয়ারম্যান আয়েশা

সুলতানা লাকী, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা প্রমূখ। আলোচনা সভা শেষে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণার্থীদের মাঝে চেক বিতারণ করা হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম।

এদিকে একই দিনে বিকাল ৪টার সময় উপজেলার বাঁকা ইউনিয়নের বাঁকা গ্রামের সমৃদ্ধ কেন্দ্রে জাতীয় যুব দিবস উপলক্ষে আলোচনা সভা ও সংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় ওয়েভ ফাউন্ডেশনের ইউনিয়ন যুবদের আয়োজনে পল্লি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় বাঁকা ইউনিয়ন পরিষদের সাবেক সদস্য খলিলুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি ও মাই টিভি প্রতিনিধি মিথুন মাহমুদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক এ,আর, ডাবলু, বাঁকা ইউনিয়ন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়ক ইশরাত জাহান, ওয়েভ কর্মকর্তা পাপিয়া খাতুন, বাঁকা ইউনিয়ন যুব কমিটির সভাপতি ইনামুল হক।

প্রধান অতিথির বক্তব্যে মিথুন মাহমুদ বলেন, “যুবদের সেবা, উদ্যোগ ও উদ্ভাবনী মানসিকতা দেশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশের যুব সমাজের অংশীদারিত্ব ছিল অন্যতম। দেশের যুব সমাজের বৃহদাংশ আজ উদ্যোক্তা হিসেবে পরিচিত। যারা দেশের মৎস্য, কৃষি, বস্ত্র, হস্তশিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে দেশকে সমৃদ্ধ করে তুলছে”।